অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/8/2025 **গভর্নর ক্যাথি হোকল**

শূন্য-নির্গমন সম্পন্ন ট্রানজিট যানবাহনের সম্প্রসারিত ব্যবহারের ক্ষেত্রে সহায়তা করার জন্য 100 মিলিয়ন ডলার লভ্য হওয়া সম্পর্কে গভর্নর হোকল-এর ঘোষণা

শূন্য-নির্গমন সম্পন্ন যানবাহন বহরের দিকে উত্তরণের পথে এগিয়ে যাওয়ার জন্য নন-MTA ট্রানজিট সেবা প্রদানকারীদের জন্য তহবিল লভ্য রয়েছে

4 এপ্রিল, 2025 তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে;
আরো জানুন এবং তহবিলের জন্য আবেদন করুন এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে ট্রানজিট সেবা প্রদানকারীদেরকে তাদের শূন্য-নির্গমন সম্পন্ন যানবাহনের ব্যবহার সম্প্রসারণ করতে সাহায্য করার জন্য 100 মিলিয়ন ডলারের স্টেট তহবিল লভ্য রয়েছে। এই তহবিল স্টেটের শূন্য-নির্গমন সম্পন্ন ট্রানজিটের দিকে উত্তরণের কর্মসূচির (Zero-Emission Transit Transition Program, ZETT) মাধ্যমে প্রদান করা হচ্ছে এবং এটি গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো এবং নিউ ইয়র্কের 2019 সালের মাইলফলকস্বরূপ জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যসমূহ অর্জনের জন্য গভর্নরের দেশের নেতৃস্থানীয় এজেন্ডাকে সমর্থন করে। শূন্য-নির্গমন সম্পন্ন ট্রানজিট যানবাহন অধিগ্রহণ, চার্জ দেওয়া ও জ্বালানি ভর্তি করার জন্য ফ্যাসিলিটি ও ইউটিলিটি অবকাঠামো নির্মাণ এবং শূন্য-নির্গমন সম্পন্ন মূলধনী প্রকল্পগুলোর জন্য প্রয়োজনীয় পরিকল্পনা ও নকশা প্রণয়নের ধাপে সহায়তা করার জন্য নন-MTA ট্রানজিট কর্তৃপক্ষগুলোকে তহবিলের জন্য আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে। 4 এপ্রিল, 2025 তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।

"জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইয়ে পরিবহন একটি গুরুত্বপূর্ণ খাত এবং আমাদেরকে অবশ্যই এই গুরুত্বপূর্ণ খাত থেকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনার প্রতিটি পথ অনুসন্ধান করে দেখতে হবে," **বলেছেন গভর্নর Hochul (হোকল)**। "এই তহবিল ট্রানজিট সংস্থাগুলোকে নিজেদের বহরে শূন্য-নির্গমন সম্পন্ন আরো বেশি যানবাহন যোগ করতে উৎসাহিত করবে, যার ফলে আমাদের এলাকাগুলোতে বায়ু আরো নির্মল হয়ে উঠবে এবং এটি জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রতিহত করতে আমাদেরকে সাহয্য করবে।"

ZETT কর্মসূচির আওতায়, শূন্য-নির্গমন সম্পন্ন ট্রানজিট সমাধানগুলোর দিকে উত্তরণে সহায়তা করে এমন প্রকল্পগুলোর জন্য তহবিল লভ্য রয়েছে, যার মধ্যে রয়েছে:

- শূন্য-নির্গমন সম্পন্ন যানবাহন বহরে উত্তরণের পরিকল্পনা প্রণয়ন এবং অন্যান্য পরিকল্পনা ও ধারণাগত নকশা প্রণয়নের ক্রিয়াকলাপ।
- শূন্য-নির্গমন সম্পন্ন প্রপালশন সিস্টেম (হাইড্রোজেন-ইলেক্ট্রিক ও ব্যাটারি-ইলেক্ট্রিক) রয়েছে এমন ট্রানজিট বহরের বাস অধিগ্রহণ।
- ট্রানজিট অপারেশন এবং শূন্য-নির্গমন সম্পন্ন বহর সংগ্রহ ও বজায় রাখার সুস্পষ্ট উদ্দেশ্য বাস্তবায়নের জন্য নতুন ট্রানজিট ফ্যাসিলিটি নির্মাণ অথবা বিদ্যমান ফ্যাসিলিটির উন্নয়ন।
- ট্রানজিট ফ্যাসিলিটিগুলোকে শূন্য-নির্গমন সম্পন্ন বিদ্যুৎ/জ্বালানি নেটওয়ার্কের সাথে সংযুক্ত করার জন্য ইউটিলিটি অবকাঠামো ও সরঞ্জাম নির্মাণ।

উপযুক্ত ট্রানজিট সিস্টেমগুলোর মধ্যে ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ট্রান্সপোর্টেশন অথরিটি (Capital District Transportation Authority, CDTA), সেন্ট্রাল নিউ ইয়র্ক আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ (Central New York Regional Transportation Authority, CNYRTA/Centro), নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশোন অথরিটি (Niagara Frontier Transportation Authority, NFTA) এবং রচেস্টার গিনিস আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ (Rochester Genesee Regional Transportation Authority, RGRTA/RTS) অন্তর্ভুক্ত রয়েছে। এসব সত্ত্বা সর্বোচ্চ 17.5 মিলিয়ন ডলার পর্যন্ত তহবিলের জন্য আবেদন করতে পারবে এবং তাদেরকে অবশ্যই প্রকল্পের ব্যয়ের জন্য ন্যূনতম 10 শতাংশ নন-স্টেট ম্যাচ প্রদান করতে হবে।

কাউন্টি, স্থানীয় মিউনিসিপ্যালিটি এবং নিউ ইয়র্কের স্টেটজুড়ে গণপরিবহন পরিচালনা সহায়তা (Statewide Mass Transportation Operating Assistance, STOA) গ্রহীতা বা গ্রহীতা হওয়ার উপযুক্ত অন্যান্য সত্ত্বাও সর্বোচ্চ 5 মিলিয়ন ডলার পর্যন্ত তহবিলের জন্য আবেদন করতে পারবে এবং তাদেরকে অবশ্যই প্রকল্পের ব্যয়ের জন্য ন্যূনতম 10 শতাংশ নন-স্টেট ম্যাচ প্রদান করতে হবে (স্টেটের অন্যান্য উৎস বাদ দিয়ে)। উভয় শ্রেণির আওতাভুক্ত উপযুক্ত আবেদনকারীদের জন্য এই কর্মসূচির অধীনে ন্যূনতম অনুদানের অনুরোধ 500,000 ডলারের হতে হবে। সম্পূর্ণ করা আবেদন 4 এপ্রিল 2025 তারিখের মধ্যে জমা দিতে হবে। পরিবহন বিভাগের (Department of Transportation) ওয়েবসাইটে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে।

স্টেটের পরিবহন বিভাগের কমিশনার Marie Therese Dominguez (ম্যারি থেরেস ডমিঙ্গুয়েজ) বলেন, "জলবায়ু পরিবর্তন মোকাবেলা করা এবং ভবিষ্যত প্রজন্মের জন্য আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখার জন্য আমাদের কাজ করে যাওয়ার এই সময়ে, আমাদেরকে অবশ্যই গণপরিবহন সহ পরিবহন খাতে গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনার জন্য কাজ করতে হবে। শূন্য-নির্গমন সম্পন্ন ট্রানজিটের দিকে উত্তরণের কর্মসূচি স্থানীয় ট্রানজিট সংস্থাগুলোকে জলবায়ু-বান্ধব যানবাহন দিয়ে নিজেদের বহর সাজাতে সাহায্য করার মাধ্যমে কার্বন নির্গমন কমানোর জন্য আমাদের প্রচেষ্টাগুলোকে আরো সামনে এগিয়ে নিয়ে যাবে। এটি নিউ ইয়র্ক ব্যাপী কমিউনিটিগুলোর জন্য শূন্য-নির্গমন সম্পন্ন ট্রানজিটে বিনিয়োগ করার চমৎকার একটি সুযোগ এবং আমি উপযুক্ত সব সংস্থা ও সত্ত্বাকে আবেদন করার জন্য উৎসাহিত করছি।"

পরিবহন দপ্তর সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের মিশন হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, সমতার, এবং স্থিতিস্থাপক পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক সুস্থতাকে সমর্থন করে।

এটি জীবনের নিরাপত্তার ব্যাপার; **গতি ধীর করুন** এবং হাইওয়ে কর্মীদের জন্য সরে যান। For more information, find us on Facebook, follow us on X or Instagram, or visit our website. সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন